# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ৫ জুন ২০১৬, ২২ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সৌদি বাদশাহ সালমানের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক আজ
পবিত্র ওমরাহ পালন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা
২। বিচারকার্যে সর্বোচ্চ নিরপেক্ষতা বজায় রাখুন : রাষ্ট্রপতি
৩। আসন্ন রমজানে শপিংমল এলাকায় রাত পর্যন্ত ব্যাংক খোলা থাকবে
৪। ছয় ধাপে শেষ হলো ৪০৮৩ ইউনিয়ন পরিষদ নির্বাচন
সামগ্রিকভাবে নির্বাচন সুষ্ঠু হয়েছে : প্রধান নির্বাচন কমিশনার
৫। ভারতের উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে বাণিজ্য বাড়ানো হবে : শিল্পমন্ত্রী
৬। ভারতীয় হাইকমিশনের ঈদ ভিসা ক্যাম্প শুরু : চলবে ১৬ জুন পর্যন্ত
৭। ঈদে বিআরটিসির ৪৫০টি বিশেষ বাস চলবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
৮। ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহিংসতায় সরকার সংশ্লিষ্ট নয় : তথ্যমন্ত্রী
৯। কিংবদন্তী বক্সার মোহাম্মদ আলীর মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক
১০। আজ বিশ্ব পরিবেশ দিবস

চলমান পাতা-২



**১. সৌদি বাদশাহ সালমানের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক আজ**
**পবিত্র ওমরাহ পালন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

সৌদি আরব সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ৫ জুন রোববার সৌদি বাদশাহ সালমান বিন আব্দুল আজিজ আল সৌদের সঙ্গে বৈঠক করবেন। জেদ্দা নগরীর আল আন্দালুসে সৌদি বাদশাহ'র আল সালাম প্রাসাদে এই বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় ছাড়াও আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়ে আলোচনা হবে।

এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পবিত্র ওমরাহ পালন করেছেন। প্রধানমন্ত্রী দেশ ও জনগণ এবং সমগ্র মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি এবং উন্নতি কামনা করে বিশেষ মোনাজাত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

**ইত্তেফাক, যুগান্তর, জনকণ্ঠ, ইনকিলাব, সমকাল, যায়যায়দিন, নিউজ টুডে, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট ফিনানশিয়াল এক্সপ্রেসসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা ছবিসহ এ বিষয়ে খবর ছেপেছে।

**২। বিচারকার্যে সর্বোচ্চ নিরপেক্ষতা বজায় রাখুন : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো.আবদুল হামিদ বিচার বিভাগকে রাষ্ট্রের একটি গুরুত্বপূর্ণ ও মৌলিক শাখা হিসেবে উল্লেখ করে বিচারকগণ গণতন্ত্র, দেশ এবং জনগণের স্বার্থে সর্বোচ্চ নিরপেক্ষতা বজায় রেখে আন্তরিকতা ও সততার সাথে দায়িত্ব পালন করবেন বলে আশা প্রকাশ করেছেন। রাষ্ট্রপতি বলেন, গণতন্ত্র বিকাশ, আইনের শাসন প্রতিষ্ঠা এবং জনগণের মৌলিক ও সাংবিধানিক অধিকার রক্ষায় বিচার বিভাগের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি বলেন, ন্যায় বিচার প্রতিষ্ঠিত না হলে শুধু ব্যক্তিই ক্ষতিগ্রস্ত হবে না, বিচার বিভাগের উপর জনগণ আস্থা হারাবে এবং আইনের শাসন ও গণতন্ত্রের বিকাশ বাধাগ্রস্ত হবে। গতকাল ৪ জুন শনিবার আইন কমিশনের এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। আসন্ন রমজানে শপিংমল এলাকায় রাত পর্যন্ত ব্যাংক খোলা থাকবে**

রমজান মাসে অর্থ লেনদেনে নিরাপত্তা দিতে শপিংমল এলাকায় ব্যাংকের শাখা রাত পর্যন্ত খোলা রাখা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। একই সঙ্গে পরিবহণ সেক্টরে চাঁদাবাজি নিয়ন্ত্রণে গোয়েন্দা নজরদারি অব্যাহত রয়েছে বলে জানান তিনি। গতকাল ৪ জুন শনিবার ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ব্যবসায়ী ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়ক ভূমিকা' শীর্ষক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**৪। ছয় ধাপে শেষ হলো ৪০৮৩ ইউনিয়ন পরিষদ নির্বাচন**

**সামগ্রিকভাবে নির্বাচন সুষ্ঠু হয়েছে : প্রধান নির্বাচন কমিশনার**

শেষ ধাপে ৬৯৮টি ইউনিয়ন পরিষদে ভোটগ্রহণের মাধ্যমে গতকাল ৪ জুন শনিবার শেষ হলো চার মাসব্যাপী চলমান ৯ম ইউপি নির্বাচন-২০১৬। ছয় ধাপের এই নির্বাচনে মোট ৪ হাজার ৮৩টি ইউনিয়ন পরিষদে ভোটগ্রহণ করা হয়েছে। বিভিন্ন জেলায় সহিংসতায় শতাধিক লোক নিহত ও দুই সহস্রাধিক আহত হয়েছেন। গতকাল ৪ জুন শনিবার শেষ (৬ষ্ঠ) ধাপে ৪৬ জেলার ৯২ উপজেলার ৬৯৮টি ইউনিয়ন পরিষদে ভোট হয়েছে। এতে ভোটার ছিল ১ কোটি ১০ লাখের বেশি ভোটকেন্দ্র ছয় হাজার ২৮৭টি।

প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদ বলেছেন, ছয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে কিছু সহিংসতা ও অনিয়মের ঘটনা ঘটেছে। তবে সামগ্রিকভাবে নির্বাচন সুষ্ঠু হয়েছে। গতকাল ৪ জুন শনিবার ইউনিয়ন পরিষদ নির্বাচনের শেষ ধাপে ভোটগ্রহণ শেষ হওয়ার পর নির্বাচন কমিশনের মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে সিইসি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সংবাদ, সমকাল, ভোরের কাগজ, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি সান, নিউজ টুডে, নিউ এজ**সহ অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫। ভারতের উত্তর পূর্বাঞ্চলের সঙ্গে বাণিজ্য বাড়ানো হবে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, ভারতের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে দেশটির উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোর সঙ্গে বিনিয়োগ ও বাণিজ্য বাড়ানো হবে। বিশেষ করে ওই অঞ্চলে বিদ্যমান প্রাকৃতিক সম্পদ ব্যবহার করে বাংলাদেশে যৌথ বিনিয়োগে শিল্পপণ্য উৎপাদন এবং তা ভারতে পুনরায় রফতানি করা হবে। ত্রিপুরার আগরতলায় বিনিয়োগ সম্মেলনে যোগদান শেষে গতকাল ৪ জুন শনিবার আখাউড়া স্থলবন্দর সীমান্তপথে ঢাকায় ফেরার সময় তিনি এসব কথা বলেন।



সম্মেলনের আয়োজন করে দ্য অ্যাসোসিয়েটেড চেম্বার অব কমার্স অ্যান্ড ইণ্ডাস্ট্রিজ অব ইন্ডিয়া। শিল্পমন্ত্রী বলেন, সম্মেলনে বাংলাদেশ ও ভারতের মধ্যে কানেকটিভিটি জোরদার করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৬), **সংবাদ**

(পৃ.১৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১)।

**৬। ভারতীয় হাইকমিশনের ঈদ ভিসা ক্যাম্প শুরু : চলবে ১৬ জুন পর্যন্ত**

ভারতে ভ্রমণ করতে আগ্রহী বাংলাদেশি নাগরিকের জন্য বিশেষ ঈদ ভিসা ক্যাম্প শুরু হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল গতকাল ৪ জুন বারিধারায় ভারতীয় হাইকমিশনের নতুন চ্যান্সারী কমপ্লেক্সে ভিসা ক্যাম্পটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। ভারতীয় হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। গতকাল শুরু হওয়া ভিসা ক্যাম্প আগামী **১৬** জুন পর্যন্ত চলবে। প্রতিদিন সকাল আটটা থেকে দুপুর দুটা পর্যন্ত (১০ জুন শুক্রবার ছাড়া) চলবে। ভিসা আবেদনকারীরা অগ্রিম সাক্ষাতের তারিখ বা ই-টোকেন ছাড়াই ট্যুরিস্ট ভিসার আবেদন সরাসরি ভিসা ক্যাম্পে জমা দিতে পারবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৭। ঈদে বিআরটিসির ৪৫০টি বিশেষ বাস চলবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন, ঈদে বাড়ি ফেরা মানুষের যাত্রা নির্বিঘ্ন রাখতে দেশের বিভিন্ন রুটে বিআরটিসির আরো সাড়ে চারশ’ বাস চলাচল করবে। একইসঙ্গে আগে থেকেই যেসব বিআরটিসি বাস চলছে সেগুলোও চালু থাকবে। গতকাল ৪ জুন শনিবার বিআরটিসির জোয়ার সাহারা বাস ডিপোতে শ্রমিক-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভায় মন্ত্রী এ ঘোষণা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.৬)।

**৮। ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহিংসতায় সরকার সংশ্লিষ্ট নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দলীয় প্রতীকে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহিংসতায় সারা দেশে শতাধিক মানুষ নিহত হয়েছেন। তবে নির্বাচনকে কেন্দ্র করে ঘটে যাওয়া সংঘর্ষগুলো দলীয় নয়, সরকারের কোনো সংশ্লিষ্টতা নেই। এটা নিছকই প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে যে কোনো পন্থায় জেতার চেষ্টার জেরে ঘটেছে। এসব ঘটনা দুঃখজনক, এটা কাম্য নয়। গতকাল ৪ জুন শনিবার বেলা **১১**টায় কুষ্টিয়া পৌরসভায় এসএসসি পরীক্ষায় ভালো ফলাফল অর্জনকারী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেয়ার আগে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **সংবাদ** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৯। কিংবদন্তী বক্সার মোহাম্মদ আলীর মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

বক্সিংয়ের কিংবদন্তি মোহাম্মদ আলীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন রাষ্টপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মোহাম্মদ আলীর মৃত্যু সংবাদের পর গতকাল ৪ জুন শনিবার পৃথক পৃথক বার্তায় তারা এ শোক প্রকাশ করেন। মোহাম্মদ আলী গত ৩ জুন শুক্রবার যুক্তরাষ্ট্রের অ্যারিজোনার ফিনিক্সে স্থানীয় সময় সন্ধ্যায় মারা যান। তার বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি দীর্ঘ ৩৫ বছর পারকিনসন্স রোগে ভুগছিলেন। মোহাম্মদ আলী **১৯৭৮** সালে স্ত্রীকে নিয়ে পাঁচ দিনের সফরে বাংলাদেশে আসেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (পৃ.১১,ক.৪), **প্রথম আলো, জনকণ্ঠ, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। আজ বিশ্ব পরিবেশ দিবস**

আজ ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস। এবছর দিবসটির প্রতিপাদ্য ‘বন্যপ্রাণী ও পরিবেশ, বাঁচায় প্রকৃতি বাঁচায় দেশ।’ **১৯৭২** সালে জাতিসংঘের মানবিক পরিবেশ সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জাতিসংঘের পরিবেশ কর্মসূচির (ইউএনপি) উদ্যোগে প্রতিবছর সারা বিশ্বের একশটিরও বেশি দেশে ৫ জুন ‘বিশ্ব পরিবেশ দিবস’ হিসেবে পালন করা হয়ে থাকে। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে সরকারি ও বেসরকারি বিভিন্ন সংগঠন নানা ধরনের কর্মসূচি পালন করবে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যায়যায় দিন, ডেইলি সান, নিউজ এজ :** পুরান ঢাকার নিমতলীতে আবাসিক এলাকায় রাসায়নিক দাহ্য পদার্থের কারণে অগ্নিকাণ্ডে আগুনে পুড়ে ১২৪ জন মৃত্যুর ছয় বছর পূর্ণ হয়ে গেলেও এখনও এসব এলাকাগুলোতে শিল্পে ব্যবহার্য বিভিন্ন রাসায়নিক উপকরণ ও দাহ্য কাঁচামালের গুদাম সরিয়ে না নেওয়ায় অগ্নিকান্ডের ঝুঁকির মধ্যে রয়েছে উল্লেখ করে এ ব্যাপারে সরকারি প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ব্যবসায়ীদের সংগঠন সবাইকে সমন্বিত ভাবে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান।

খ. **জনকণ্ঠ, সংবাদ, সমকাল, ইনকিলাব, নিউ নেশন :** নতুন প্রস্তাবিত বাজেট বাস্তবায়নে এর ঘাটতি ও ত্রুটিগুলো পর্যালোচনা করে সংশোধন করা হবে এ প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদ :** তথ্যপ্রযুক্তির উৎকর্ষতার সাথে সাথে দেশে সাইবার অপরাধ ছড়িয়ে পড়ছে ভাইরাসের মতো উল্লেখ করে সাইবার ক্রাইম দমনে যথাযথ আইনি প্রক্রিয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** মার্কিন পররাষ্ট্র দপ্তরের একটি প্রতিবেদনে বিশ্বজুড়ে সন্ত্রাসী হামলা বাড়ার তালিকায় যে কয়টি দেশের কথা বলা হয়েছে তার মধ্যে বাংলাদেশ অন্যতম উল্লেখ করে দেশের শান্তি ও সমৃদ্ধির জন্য জঙ্গিবাদীর মূলোৎপাটনে সরকার আরও কঠোর হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **প্রথম আলো, ইত্তেফাক, যুগান্তর, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, অবজারভার :** কিংবদন্তী মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলীর মৃত্যুতে বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানানো হয়েছে।

চ. **ডেইলি স্টার, ডেইলি সান, ভোরের কাগজ :** সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় হতাহতের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের অকাল মৃত্যু প্রতিরোধে সরকারি উদ্যেগে ফিটনেসবিহীন গাড়িগুলো সরিয়ে দক্ষ, লাইসেন্সপ্রাপ্ত চালকের গাড়ি চালানোর বিষয়টি নিশ্চিত করার পাশাপাশি দুর্ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে যথাযথ শাস্তির ব্যবস্থা করার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বিশ্ব পরিবেশ দিবসে শুধু পরিবেশগত চুক্তি করলেই হবে না, এসব চুক্তির যথাযথ বাস্তবায়নের আহ্বান।

জ. **নিউজ টুডে :** বেকার সমস্যার সমাধানে সরকারি-বেসরকারি পর্যায়ে পর্যাপ্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরার ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ নেশন :** দেশের সব কর্মজীবী নারীদের জন্য সমান মাতৃত্বজনিত সুযোগসুবিধা নিশ্চিত করার সুপারিশ।

ঞ. **নিউজ এজ :** সুনামগঞ্জের ছাতকবাজারে রেলওয়ের জন্য রাষ্ট্রীয় মালিকানাধীন কংক্রিটের স্লিপার তৈরির প্ল্যান্ট এর সমস্যা সমাধান করে এ প্ল্যান্টকে সচল করে রেলওয়েকে প্রাইভেট কোম্পানির কাছ থেকে স্লিপার কেনা বন্ধের ব্যবস্থা করার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে কর্মসংস্থানের সহায়ক হিসেবে দেখতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'চাই মানসম্মত শিক্ষা ও সৃজনশীল প্রজন্ম'** শিরোনামের নিবন্ধে আসাদুজ্জামান কাজল শিক্ষার্থীদের চিন্তাশক্তির প্রসার ও মুখস্ত বিদ্যার চর্চা থেকে তাদের মুক্ত রাখার উদ্দেশে চালু হওয়া সৃজনশীল পদ্ধতির জন্য সৃজনশীল ও মেধাবী শিক্ষকের প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা